রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ১৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ অগ্রহায়ণ ১৪৩২/ ১৫ ডিসেম্বর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.২৮৬—জনাব মোঃ মাহফুজ আলম লক্ষ্মীপুর জেলায় ১৯৯৮ খ্রিস্টাব্দে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ হতে এলএলবি (সম্মান) ডিগ্রি অর্জন করেন। জনাব মোঃ মাহফুজ আলম বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের লিয়াজোঁ কমিটির একজন অন্যতম সমন্বয়ক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ২০২৪ সালের কোটা সংস্কার আন্দোলন এবং পরবর্তীকালে অসহযোগ আন্দোলনে তাঁর নেতৃত্ব, কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ এবং নেপথ্যে থেকে গুরুত্বপূর্ণ সমন্বয়মূলক কাজ দেশের গণতান্ত্রিক পরিবর্তনের পথ সুগম করেছে।

২। বাংলাদেশের এক ঐতিহাসিক সন্ধিক্ষণে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা জনাব মোঃ মাহফুজ আলম গত ২৬ ফেব্রুয়ারি ২০২৫ থেকে ১০ ডিসেম্বর ২০২৫ মেয়াদে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। তিনি গত ২৮ আগস্ট ২০২৪ হতে ২৬ ফেব্রুয়ারি ২০২৫ মেয়াদে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

৩। জনাব মোঃ মাহফুজ আলম দায়িত্বকালে দক্ষতা, দূরদর্শিতা এবং নিষ্ঠার পরিচয় দিয়েছেন, যা প্রশংসনীয়। সরকারের স্থিতিশীলতা রক্ষা এবং জন-আকাঙ্ক্ষা পূরণের কঠিন সময়ে তাঁর মতো তরুণ ও নিবেদিতপ্রাণ নেতৃত্ব দেশের জন্য অনুপ্রেরণামূলক। তাঁর রচিত দুই খন্ডে প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও সমকালীন জনমত' গ্রন্থটি সর্বমহলে প্রশংসিত হয়েছে।

৪। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব মোঃ মাহফুজ আলমকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে উপদেষ্টা পরিষদের ২৬ অগ্রহায়ণ ১৪৩২/ ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের বৈঠকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

৫। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

## উপদেষ্টা পরিষদের ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

জনাব মোঃ মাহফুজ আলম লক্ষ্মীপুর জেলায় ১৯৯৮ খ্রিস্টাব্দে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি চাঁদপুর জেলার গল্লাক দারুছুন্নাত আলিম মাদরাসা থেকে দাখিল এবং তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা থেকে আলিম পাস করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ হতে এলএলবি (সম্মান) ডিগ্রি অর্জন করেন।

জনাব মোঃ মাহফুজ আলম বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের লিয়াজোঁ কমিটির একজন অন্যতম সমন্বয়ক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ২০২৪ সালের কোটা সংস্কার আন্দোলন এবং পরবর্তীকালে অসহযোগ আন্দোলনে তাঁর নেতৃত্ব, কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ এবং নেপথ্যে থেকে গুরুত্বপূর্ণ সমন্বয়মূলক কাজ দেশের গণতান্ত্রিক পরিবর্তনের পথ সুগম করেছে।

বাংলাদেশের এক ঐতিহাসিক সন্ধিক্ষণে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা জনাব মোঃ মাহফুজ আলম গত ২৬ ফেব্রুয়ারি ২০২৫ থেকে ১০ ডিসেম্বর ২০২৫ মেয়াদে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। তিনি গত ২৮ আগস্ট ২০২৪ হতে ২৬ ফেব্রুয়ারি ২০২৫ মেয়াদে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

জনাব মোঃ মাহফুজ আলম দায়িত্বকালে দক্ষতা, দূরদর্শিতা এবং নিষ্ঠার পরিচয় দিয়েছেন, যা প্রশংসনীয়। সরকারের স্থিতিশীলতা রক্ষা এবং জন-আকাঙ্ক্ষা পূরণের কঠিন সময়ে তাঁর মতো তরুণ ও নিবেদিতপ্রাণ নেতৃত্ব দেশের জন্য অনুপ্রেরণামূলক। তাঁর রচিত দুই খন্ডে প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও সমকালীন জনমত' গ্রন্থটি সর্বমহলে প্রশংসিত হয়েছে।

দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য উপদেষ্টা পরিষদ জনাব মোঃ মাহফুজ আলমকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd